

ওগো মা ফাতেমা ছুটে আয়

কাজী নজরুল ইসলাম

ওগো মা ফাতেমা ছুটে আয়

তোর দুলালের বুকে হানে ছুরি।

দিনের শেষ বাতি নিভিয়া যায় মা গো

বুঝি আধার হল মদিনা-পুরী।।

কোথায় শেরে – খোদা, জুঙ্কিয়ার কোথা

কবর ছেড়ে এস কারবালা যথা;

তোমার আউলাদ বিরান হল আজি,

নিখিল শোকে মরে ঝুরি।।

কোথা আখেরী নবী, চুমা খেতে তুমি

যে গলে হোসেনের

সহিছ কেমনে, সে গালে দুষমন

হানিছে শমসের।

রোজ – হাশরে না কি কওসারের পানি

পিয়াবে তোমার গো গুনাহগারো আনি,

দেখ না কি চেয়ে দুধের ছেলে- মেয়ে

পানি বিহনে মরে পুড়ি।।